বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নামে কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে, সোশ্যাল মিডিয়ায় বিভিন্ন ধরনের প্রোফাইল, পেজ এবং গ্রুপ তৈরি করা হচ্ছে। এসব প্রোফাইল, পেজ এবং গ্রুপের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিষয়ে অপ্রত্যাশিত তথ্যাদি সহ অনেক ক্ষেত্রে নিজস্ব/ ব্যক্তিগত তথ্য প্রচার করা হচ্ছে। এতে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন হচ্ছে এবং জনসাধারণের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (https://kuriau.edu.bd/) এবং ফেসবুক পেজ (https://www.facebook.com/kuriaubd) - এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ তথ্যাদি প্রতিনিয়ত প্রকাশ করা হচ্ছে।

সার্বিক প্রেক্ষাপট বিবেচনায়, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নামে সোশ্যাল মিডিয়ায় কোনও প্রোফাইল, পেজ এবং গ্রুপ তৈরি না করার জন্য সকলকে অনুরোধ করা হল। যারা ইতিমধ্যে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নামে সোশ্যাল মিডিয়ায় প্রোফাইল, পেজ এবং গ্রুপ তৈরি করে ফেলেছেন, তাঁদেরকে সেগুলো জরুরি ভিত্তিতে বন্ধ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

তারিখ: ০৭, ফেব্রুয়ারি ২০২৪

কর্তৃপক্ষের আদেশক্রমে
স্বাক্ষরিত
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়
কুড়িগ্রাম।